পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড
ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

সার্কুলার নং ০১/২০২২ তারিখ: ১৮/০৭/২০২২

জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
সকল জেলা, পল্লী সঞ্চয় ব্যাংক।

শাখা ব্যবস্থাপক
সকল শাখা, পল্লী সঞ্চয় ব্যাংক।

বিষয়: পল্লী সঞ্চয় ব্যাংকের ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন (এসএমই) ঋণ নীতিমালা জারিকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। পল্লী সঞ্চয় ব্যাংকের একটি খসড়া এসএমই ঋণ নীতিমালা প্রণয়ন করে পরিচালনা বোর্ডের ১৪/০৩/২০২১ তারিখে অনুষ্ঠিত ৬০তম সভায় উপস্থাপন করা হলে প্রকল্প থেকে বরাদ্দকৃত অর্থ প্রকল্প চলাকালীন সময়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে অনুমোদিত নীতিমালা মোতাবেক ঋণ বিতরণ এবং প্রকল্প বিলুপ্তির পর ব্যাংক হতে নীতিমালা প্রণয়ন করে সে মোতাবেক ঋণ বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ৩০ জুন ২০২১ সালে প্রকল্প সমাপ্ত হয়েছে এবং পরিচালনা বোর্ডের ৭৫তম সভার সদয় সিদ্ধান্ত মোতাবেক এসএমই ঋণ নীতিমালা প্রণয়নপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০৩। নীতিমালা বহির্ভূত ঋণ বিতরণ না করার জন্য আপনাদের কঠোরভাবে নির্দেশনা প্রদান করা হলো। কর্তৃপক্ষ সময়ে সময়ে উক্ত নীতিমালা সংশোধন, সংযোজন এবং পরিবর্তন করার এখতিয়ার সংরক্ষণ করে।

০৪। ব্যাংকের স্বার্থে এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৮.০৭.২০২২

(দীপংকর রায়)
মহাব্যবস্থাপক

সার্কুলার নং ০১/২০২২ তারিখ: ১৮/০৭/২০২২

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

১. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
২. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৩. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৪. সিনিয়র কনসালটেন্ট, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৫. কনসালটেন্ট (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৬. সহকারী মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৭. উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৮. বিভাগীয় প্রধান (ঋণ ও সঞ্চয় বিভাগ), পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৯. অফিস নথি/মহানথি।

18-7-2022

(মো: তানভীর হাসান মজুমদার)
সিনিয়র অফিসার

পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড
ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd

## পল্লী সঞ্চয় ব্যাংকের ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন (এসএমই) ঋণ নীতিমালা,২০২২:

দেশের দরিদ্র জনগণের দারিদ্র্য বিমোচনে মাননীয় প্রধানমন্ত্রী আমার বাড়ি আমার খামার (পূর্ব নাম একটি বাড়ি একটি খামার) প্রকল্প গ্রহণ করেন। উক্ত প্রকল্পকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রী পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর মাধ্যমে পল্লী সঞ্চয় ব্যাংক সৃষ্টি করেন। ব্যাংকের কার্যক্রম ১২/০৭/২০১৭ তারিখ হতে শুরু করা হয়। প্রকল্প কর্তৃক গঠিত সমিতির সদস্যদেরকে উদ্যোক্তা হিসেবে সৃষ্টির লক্ষ্যে প্রকল্পের তৃতীয় সংশোধনীতে (২০১৭-১৮ এবং ২০১৮-১৯ অর্থবছরে) পল্লী সঞ্চয় ব্যাংকের মাধ্যমে এসএমই খাতে ২৪৫ কোটি টাকা ঋণ বিতরণের জন্য বরাদ্দ দেয়া হয়। উক্ত ঋণের সার্ভিস চার্জ ৫%। প্রকল্পের ৪র্থ সংশোধনীতে পল্লী সঞ্চয় ব্যাংকের মাধ্যমে এসএমই খাতে ঋণ বিতরণের নিমিত্ত আরো ২৪৫ কোটি টাকার ফান্ড বরাদ্দ দেয়া হয়। এই ঋণের সার্ভিস চার্জ ৮%। উক্ত বরাদ্দকৃত অর্থ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অনুমোদিত ঋণ নীতিমালা মোতাবেক পল্লী সঞ্চয় ব্যাংক বিতরণ করেছে। পাশাপাশি ব্যাংকের নিজস্ব তহবিল হতেও এসএমই খাতে ঋণ বিতরণ করা হয়েছে। ৩০ জুন, ২০২১ তারিখে প্রকল্প বিলুপ্ত হয়েছে। সরকার থেকে বরাদ্দকৃত তহবিল ঘূর্ণায়মান তহবিল হিসেবে ঋণ বিতরণ অব্যাহত রয়েছে। ব্যাংক থেকে একটি এসএমই ঋণ নীতিমালা খসড়া প্রণয়ন করে পরিচালনা বোর্ডের ১৪/০৩/২০২১ তারিখে অনুষ্ঠিত ৬০তম সভায় উপস্থাপন করা হলে প্রকল্প হতে বরাদ্দকৃত অর্থ প্রকল্প চলাকালীন সময়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে অনুমোদিত নীতিমালা মোতাবেক ঋণ বিতরণ এবং প্রকল্প বিলুপ্তির পর ব্যাংক হতে নীতিমালা প্রণয়ন করে সে মোতাবেক ঋণ বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত মোতাবেক এসএমই ঋণ নীতিমালা প্রণয়ন করা হলো যা নিম্নরূপ:

**২: নীতিমালার নামঃ ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন (এসএমই) ঋণ নীতিমালা।**

**৩: ঋণের উদ্দেশ্য ও খাত :**

৩.১ কর্মসংস্থান সৃষ্টি, বেকারত্ব দূরীকরণ ও সুবিধাভোগীদের জীবনমান উন্নয়নের মাধ্যমে টেকসই উন্নয়ন।

৩.২ নারী উদ্যোক্তা সৃজনের মাধ্যমে বৃহৎ জনগোষ্ঠীকে উৎপাদন, সেবা ও সরবরাহমূলক কর্মকান্ডে সম্পৃক্তকরণের মাধ্যমে নারীর ক্ষমতায়ন নিশ্চিতকরণ।

৩.৩ দারিদ্র্যসীমার উর্ধ্বে উঠে আসা সদস্যদেরকে উদ্যোক্তা হিসেবে গড়ে তোলা।

**৪: ঋণের খাত :**

৪.১ কৃষিকাজ, মৎস্য চাষ, হাঁস-মুরগি পালন, গবাদি পশু পালন, বনায়ন, নার্সারি ও ফলচাষ, মৎস্য হ্যাচারী, জৈব সার উৎপাদন, মাশরুম চাষ, বৃক্ষরোপন, ক্ষুদ্র ব্যবসা ইত্যাদি খাতে ঋণ প্রদান।

৪.২ উৎপাদিত কৃষি পণ্য প্রক্রিয়াকরণ ও বিপণন খাতে ঋণ প্রদান।

৪.৩ পল্লী অঞ্চলে ক্ষুদ্র ও কুটির শিল্প কার্যক্রম সম্প্রসারণ খাতে ঋণ প্রদান।

৪.৪ উৎপাদনশীল, বাণিজ্যিক, সেবামূলক কর্মকান্ড খাতে ঋণ প্রদান।

৪.৫ অন্যান্য আয়বর্ধক/ উৎপাদনমুখী খাত।

**৫: ঋণ পাওয়ার যোগ্যতা:**

৫.১ প্রকল্প/পল্লী সঞ্চয় ব্যাংকের আওতায় গঠিত গ্রাম উন্নয়ন সমিতির সদস্য।

৫.২ আবেদনকারীর বয়স ১৮ বছর ও তদূর্ধ্ব।

৫.৩ ইতঃপূর্বে ঋণ গ্রহণ করে ব্যবহারের মাধ্যমে আয়বর্ধক কাজের সুযোগ সম্প্রসারণ করেছেন।

৫.৪ প্রকল্প/অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠা/এনজিও বা অন্য কোন সরকারি প্রতিষ্ঠানে ঋণ থাকতে পারবে না এবং দায়-দেনা নেই মর্মে আবেদনকারী ঘোষণা দিতে হবে।

৫.৫ নারী সদস্যরা অগ্রাধিকার পাবেন।

৫.৬ শস্যগোলা এবং কর্মসৃজন ঋণ গ্রহীতাগণ উক্ত ঋণ চলাকালীন উদ্যোক্তা ঋণ গ্রহণ করতে পারবেন।

**৬: ঋণের সিলিং:**

| | |
|---|---|
| প্রথম দফায় | ১,০০,০০০/- |
| দ্বিতীয় দফায় | ১,৫০,০০০/- |
| তৃতীয় দফায় | ২,০০,০০০/- |
| চতুর্থ দফায় | ২,৫০,০০০/- |

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ববর্তী পৃষ্ঠা হতে আগত

**৭: মঞ্জুরীকৃত ঋণ বিতরণঃ** মঞ্জুরীকৃত ঋণ সঞ্চয়ী হিসাবের মাধ্যমে বিতরণ করতে হবে। গ্রাহককে শাখায় এসে মঞ্জুরীকৃত ঋণের টাকা উত্তোলন করতে হবে।

**৮: মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীমে চাঁদা প্রদানঃ** মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীম নীতিমালা অনুসারে উক্ত ঋণ গ্রহণের সময় নির্ধারিত হারে কর্তনপূর্বক মৃত্যু ঝুঁকি স্কীমে জমা করতে হবে।

**৯: সার্ভিস চার্জ ও ঋণ পরিশোধের সময়সীমাঃ**

| | | |
|---|---|---|
| প্রথম দফায় | ১,০০,০০০/- | ঋণের মেয়াদ ১২ মাস, ১২টি কিস্তিতে পরিশোধযোগ্য, গ্রেস পিরিয়ড প্রযোজ্য নয়। |
| দ্বিতীয় দফায় | ১,৫০,০০০/- | ঋণের মেয়াদ ২৪ মাস, ২১টি কিস্তিতে পরিশোধযোগ্য, গ্রেস পিরিয়ড ৩মাস। |
| তৃতীয় দফায় | ২,০০,০০০/- | ঋণের মেয়াদ ২৪ মাস, ২১টি কিস্তিতে পরিশোধযোগ্য, গ্রেস পিরিয়ড ৩মাস। |
| চতুর্থ দফায় | ২,৫০,০০০/- | ঋণের মেয়াদ ২৪ মাস, ২১টি কিস্তিতে পরিশোধযোগ্য, গ্রেস পিরিয়ড ৩মাস। |

৯.১ এ ঋণের সার্ভিস চার্জ ফ্ল্যাট রেটে ৮% এবং উক্ত সার্ভিস চার্জ এই নীতিমালা জারির পর থেকে এই খাতে বিতরণকৃত সকল ঋণের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৯.২ জরিমানা সুদ প্রযোজ্য নয়।

**১০: প্রয়োজনীয় ডকুমেন্টসঃ**

১০.১ ব্যাংকের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং এক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র বাধ্যতামূলক।

১০.২ আবেদনকারীর ১ কপি পাসপোর্ট সাইজের ছবি।

১০.৩ সমিতির ২ জন সদস্য গ্যারান্টর হতে হবে। সদস্যের ঋণ থাকাবস্থায় গ্যারান্টর হওয়া যাবেনা।

১০.৪ নারী আবেদনকারীর ক্ষেত্রে পরিবারের প্রধান গ্যারান্টর হতে হবে।

১০.৫ গ্যারান্টরদের ১ কপি করে পাসপোর্ট সাইজের ছবি।

১০.৬ সমিতির রেজুলেশন।

১০.৭ ঋণ বিতরণ শীটে যথাযথ স্থানে উপযুক্ত স্ট্যাম্প লাগিয়ে স্বাক্ষর গ্রহণ করে ভাউচারের সাথে সংরক্ষণ করতে হবে।

১০.৮ ডিপি (ডিমান্ড প্রমিসরি) নোট।

১০.৯ আবেদনকারীকে অবশ্যই বাধ্যতামূলকভাবে লেটার অব ডিসবার্সমেন্ট ডকুমেন্টসটি পূরণপূর্বক ঋণ বিতরণের পূর্বে জমা দিতে হবে।

১০.১০ ঋণ গ্রহীতা নিজ উদ্যোগে প্রকল্প প্রস্তাব সাবমিট করবেন এবং প্রস্তাবিত প্রকল্প জুনিয়র অফিসার (মাঠ) ও মাঠ সহকারীর সুপারিশক্রমে মঞ্জুরকারী কর্তৃপক্ষ মঞ্জুর করবেন।

**১১: ঋণ মঞ্জুরীর ক্ষমতাঃ**

| টাকার পরিমাণ | মঞ্জুরীর ক্ষমতা |
|---|---|
| ১,০০,০০০/- পর্যন্ত | শাখার ব্যবস্থাপক |
| ১,০০,০০০/- টাকার উপরে | জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং শাখা ব্যবস্থাপক যৌথভাবে |

**১২: খেলাপী ঋণঃ**

কোন সদস্য ঋণ খেলাপী হলে পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ ও ঋণ সম্পর্কিত নীতিমালা অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে খেলাপী ঋণ আদায় করা হবে।

**১৩: ঋণের ব্যবহার মনিটরিং ও পরিদর্শনঃ**

ঋণ বিতরণের পর থেকেই সংশ্লিষ্ট জেলা আঞ্চলিক কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, শাখা ব্যবস্থাপক, জুনিয়র অফিসার (মাঠ) বিতরণকৃত ঋণের সঠিক ব্যবহার নিশ্চিত করবেন। মাঠ সহকারী প্রতিটি প্রজেক্ট অন্ততঃ ১৫ দিনে একবার পরিদর্শন করবেন। কোন অনিয়ম পরিলক্ষিত হলে সাথে সাথে তা উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। ঋণ মঞ্জুর ও বিতরণ এবং তদারকিতে কোনো প্রকার অনিয়ম পরিলক্ষিত হলে জেলা আঞ্চলিক কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

পরিচালনা বোর্ডের সদয় অনুমোদনক্রমে,

| | | |
|---|---|---|
| 18-7-2022 | ১৮.০৭.২২ | ১৮.০৭.2022 |
| (মো: তানভীর হাসান মজুমদার) | (মো: ইসমাইল মিয়া) | (দীপংকর রায়) |
| সিনিয়র অফিসার | সহকারী মহাব্যবস্থাপক | মহাব্যবস্থাপক |

# পল্লী সঞ্চয় ব্যাংক

<u>শাখার নাম</u>

## লেটার অব ডিসবার্সমেন্ট

শাখা ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক
............ শাখা।
................।

বিষয়: আপনার শাখায় পরিচালিত .......(ঋণ প্রোডাক্টের নাম) ঋণ বাবদ টাকা ............/- (টাকার পরিমাণ কথায়) উত্তোলন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আমি আপনার শাখার ................ (সমিতির নাম এবং সমিতি কোড সহ) একজন সদস্য এবং আমার সদস্য কোড...... ....। আমি ......... তারিখে মঞ্জুরী পত্র নং:............. তারিখ........... মোতাবেক ......... ঋণ বাবদ ............ টাকা (কথায়) উত্তোলনের জন্য মঞ্জুরী পত্রের সকল শর্ত মানিয়া নিয়াছি এবং সময়মত কিস্তি পরিশোধের বিষয়ে আমি অঙ্গীকারবদ্ধ।

অতএব অনুগ্রহপূর্বক উক্ত ঋণের টাকা আমার অনুকূলে বিতরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

আপনার বিশ্বস্ত

------------------- (সদস্যের স্বাক্ষর)
সদস্যের নাম:
সদস্যের পিতার নাম:
সদস্যের মাতার নাম:
স্থায়ী ঠিকানা:
জাতীয় পরিচয় পত্র:
মোবাইল:

মন্তব্য: উপরি উল্লিখিত লেটার অব ডিসবার্সমেন্ট ফরম্যাটটি ঋণ আবেদনকারীকে বাধ্যতামূলকভাবে ঋণ বিতরণের পূর্বেই পূরণপূর্বক শাখায় জমা দিতে হবে এসএমই ঋণের ক্ষেত্রে অন্যথায় ঋণ বিতরণ করা যাবেনা।

18-7
2022

মোঃ তানভীর হাসান মজুমদার
সিনিয়র অফিসার
পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।